দৈনিক ইনকিলাব

MAY 08 2002

তারিখ ...
পৃঃ 8 কলাম ...

# ঢাবিতে মাস্টার্স পরীক্ষা পেছানোর দাবীতে মিছিল ও স্মারকলিপি পেশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের কলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের মাস্টার্স পরীক্ষা পিছানোর দাবীতে ছাত্র-ছাত্রীরা গতকাল (মঙ্গলবার) ক্যাম্পাসে মিছিল, সমাবেশ ও অনুষদের ডীনের নিকট স্মারকলিপি পেশ করে। আগামী ২ জুন মাস্টার্স পরীক্ষার তারিখ নির্ধারিত রয়েছে। পরীক্ষা দেড় মাস পেছানোর দাবীতে গতকাল দুপুর সাড়ে ১২টায় কলাভবনের গেটে সমাবেশ শেষে শতাধিক ছাত্র-ছাত্রী মিছিলসহ ডীন অফিসে স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে উল্লেখ করা হয়। বর্তমান শিক্ষাবর্ষে রাজনৈতিক অচলাবস্থার কারণে বিশ্ববিদ্যালয় প্রায় চার মাস বন্ধ ছিল, যা ছাত্র-ছাত্রীদের শিক্ষা কার্যক্রমকে ব্যাহত করেছে। অনেক বিভাগের ক্লাস এখনো শেষ হয়নি। এমতাবস্থায় আগামী ২ জুন থেকে শুরু হওয়া এমএ ফাইনাল পরীক্ষায় অংশ নেয়া ছাত্র-ছাত্রীদের জন্য অসম্ভব।